

# শিক্ষা উপদেষ্টার সঙ্গে কওমি মাদরাসা প্রতিনিধিদলের সাক্ষাৎ

বাসস



শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সি আর আবরারের সঙ্গে কওমি মাদরাসার সর্বোচ্চ ডিগ্রি প্রদানকারী শিক্ষা বোর্ড আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেছেন। এ সময় ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন উপস্থিত ছিলেন।

রবিবার (২০ জুলাই) বিকেলে সচিবালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

প্রতিনিধিদল দাওয়ায়ে হাদিসের স্বীকৃত সনদের কার্যকারিতাসহ বিভিন্ন ক্ষেত্রে দেশসেবা ও উচ্চ শিক্ষা অর্জনের সুযোগ সৃষ্টির বিষয়ে শিক্ষা উপদেষ্টার সহযোগিতা কামনা করেন।

তারা সরকারের সকল মন্ত্রণালয়সহ সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়গুলোতে সনদের মান কার্যকর করার জন্য প্রজ্ঞাপন

জারিসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

এছাড়া, শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মীয় শিক্ষক নিয়োগ, ইসলামিক  
ফাউন্ডেশন ও ইসলামী গবেষণা কেন্দ্রসমূহে নিয়োগ, সরকারি ও  
স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মসজিদের ইমাম ও খতিব পদে  
নিয়োগসহ আরো কিছু প্রতিষ্ঠানে কওমি মাদরাসার সনদধারীদের  
নিয়োগ দেওয়ার বিষয়ে যৌক্তিকতা তুলে ধরা হয়।

প্রতিনিধি দলের দাবির সঙ্গে সহমত পোষণ করে ধর্ম উপদেষ্টা  
বলেন, কওমি মাদরাসার সনদপ্রাপ্ত আলেমগণ সৎ ও দেশপ্রেমিক।  
তাদেরকে দেশ ও জাতির সেবার সুযোগ দেওয়া হলে দেশ ও  
জাতি উপকৃত হবে।

তিনি ইসলামিক ফাউন্ডেশনসহ ধর্ম মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তর,  
সংস্থায় কওমি মাদরাসার সনদধারীদের নিয়োগ দানের বিষয়ে  
প্রতিনিধি দলকে আশ্বস্ত করেন।

শিক্ষা উপদেষ্টা প্রতিনিধি দলের প্রস্তাবনাগুলো মনোযোগসহ  
শোনেন এবং প্রস্তাবনাগুলো গুরত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দেন।

প্রতিনিধি দলে আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া  
বাংলাদেশের চেয়ারম্যান আল্লামা মাহমুদুল হাসান, কওমি  
মাদরাসা শিক্ষা বোর্ড বেফাকের মহাসচিব মুফতি মাহফুজুল হক,  
শিবচর দারুস সুন্নাহ মাদরাসার অধ্যক্ষ মাওলানা নিয়ামতুল্লাহ  
ফরিদী, বসুন্ধরা ইসলামিক রিসার্চ সেন্টারের মহাপরিচালক মুফতি

আরশাদ রহমানী প্রমুখসহ নেতৃস্থানীয় ওলামা-মাশায়েখ উপস্থিত  
ছিলেন।